

৫০১১৯



এসিডি সার্কুলার নং-০১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**বাংলাদেশ ব্যাংক**  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
**প্রধান কার্যালয়**  
মতিবিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

কৃষি খণ্ড বিভাগ

২২ জুন ২০২৩  
তারিখ :-----  
০৮ আষাঢ় ১৪৩০

**কৃষি খণ্ডের জন্য ব্যাংকে চুক্তিভিত্তিক জনবল নিয়োগ প্রসঙ্গে।**

দেশে কাঞ্চিত কৃষি উৎপাদনে সহায়তার পাশাপাশি কৃষকদের অনুকূলে খণ্প্রবাহ/বিনিয়োগ বৃদ্ধি, দারিদ্র্য বিমোচন, পল্লী অঞ্চলের জনসাধারণের জীবনমান উন্নয়ন এবং কৃষি খাতে কোভিড-১৯ এর নেতৃত্বাচক প্রভাব কাটিয়ে উঠতে সহায়ক ভূমিকা পালনের বিষয়টি ২০২২-২০২৩ অর্থবছরের কৃষি ও পল্লী খণ্ড নীতিমালা ও কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হয়। উক্ত নীতিমালার ৫.২৩ অনুচ্ছেদে কৃষি খণ্ড বিতরণ, আদায় এবং প্রদত্ত খণ্ডের সদ্ব্যবহার যাচাইয়ের সুবিধার্থে ব্যাংকের শাখা পর্যায়ে প্রয়োজনীয় সংখ্যক লোকবল নিয়োগের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে। ব্যাংকের নিজস্ব নেটওয়ার্কের মাধ্যমে খণ্ড প্রদান করলে কৃষকেরা অপেক্ষাকৃত কম সুদে খণ্ড গ্রহণ করতে পারেন এবং মনিটরিং এর মাধ্যমে খণ্ডের গুণগত মান বজায় রাখা সহজ হয় বিবেচনায় নীতিমালার ৫.২৫ অনুচ্ছেদে কৃষি খণ্ড বিতরণের ক্ষেত্রে এমএফআই লিংকেজ ক্রমান্বয়ে হ্রাস করে নিজস্ব নেটওয়ার্কের মাধ্যমে খণ্ড বিতরণে সচেষ্ট হওয়ার জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এরই ধারাবাহিকতায় সম্প্রতি এনজিও/এমএফআই-এ কর্মরত অভিজ্ঞ জনবলকে ব্যাংকে চুক্তিভিত্তিক নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে কৃষি খণ্ডের জন্য প্রয়োজন অনুযায়ী ব্যাংকের বিদ্যমান জনবল কাঠামোর অতিরিক্ত হিসেবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে এনজিও/এমএফআই-এ কর্মরত অভিজ্ঞ জনবলকে নিম্নোক্ত শর্তে “এগ্রি ক্রেডিট সুপারভাইজার (চুক্তিভিত্তিক)” পদে স্বচ্ছ প্রক্রিয়ায় নিয়োগের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো :

**১। অভিজ্ঞতা ও উপযুক্তি :**

- ক) প্রার্থীকে এনজিও বিষয়ক ব্যরো/মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির তালিকাভুক্ত/অনুমোদনপ্রাপ্ত এনজিও/এমএফআই-এ ন্যূনতম ৩ (তিনি) বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
- খ) প্রার্থীর বয়স সীমা ২৫ হতে ৪০ বছর পর্যন্ত হবে।
- গ) প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হবে স্নাতক।
- ঘ) প্রার্থী কোনো এনজিও/এমএফআই হতে বরখাস্ত হননি- মর্মে নিয়োগকারী ব্যাংককে নিশ্চিত হতে হবে।

২। দায়িত্ব : “এগ্রি ক্রেডিট সুপারভাইজার (চুক্তিভিত্তিক)” এর কর্মপরিধি কেবলমাত্র কৃষি ও পল্লী খণ্ড সংশ্লিষ্ট হবে।

৩। পারিশ্রমিক ও সুবিধাদি : পারিশ্রমিক ও অন্যান্য সুবিধাদি সংশ্লিষ্ট ব্যাংক নির্ধারণ করবে এবং তা ব্যাংক ও প্রার্থীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিতে বিস্তারিতভাবে উল্লেখ থাকতে হবে।

৪। মেয়াদ: “এগ্রি ক্রেডিট সুপারভাইজার (চুক্তিভিত্তিক)” নিয়োগের মেয়াদ, পুনঃনিয়োগ অথবা চুক্তির মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত বিষয়াদি ব্যাংকের নিজস্ব নীতিমালার আলোকে পরিচালিত হবে।

৫। রিপোর্টিং ও অন্যান্য বিষয়াবলী: নিয়োগকারী ব্যাংক কর্তৃক “এগ্রি ক্রেডিট সুপারভাইজার (চুক্তিভিত্তিক)” নিয়োগের হালনাগাদ তথ্য নির্ধারিত ছকে (সংযোজনী-“ক”) শান্ত্যাসিক ভিত্তিতে (সংশ্লিষ্ট শান্ত্যাসিক সমাপনাতে ৭ কর্মদিবসের মধ্যে) এ বিভাগের মনিটরিং উপবিভাগে দাখিল করতে হবে। ব্যাংকের উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কৃষি খাতে দ্রুত সেবা প্রদানের সুবিধার্থে সরাসরি ব্যাংকের মানব সম্পদ বিভাগ কর্তৃক সহজ প্রক্রিয়ায় উক্ত জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারণ দর্শানোর নোটিশ প্রদান ব্যতিরেকে ব্যাংক কর্তৃপক্ষ যেকোনো যৌক্তিক কারণে সংশ্লিষ্ট সুপারভাইজারের চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করতে পারবে।

উপরিউক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী: ০১ (এক) পাতা।

(মোঃ আবুল কালাম আজাদ)  
পরিচালক (এসিডি)  
ফোন: ৯৫৩০১৩৮

সংযোজনী-“ক”

বাংলাদেশ ব্যাংকের নীতিমালা (এসিডি সার্কুলার নং-০১, তারিখ: ২২/০৬/২০২৩) এর আওতায়  
“এগি ক্রেডিট সুপারভাইজার (চুক্তিভিত্তিক)” নিয়োগ সংক্রান্ত ঘান্নাসিক বিবরণী।

ব্যাংকের নাম: ... ...

বিবরণীর সময়কাল: ... / ... /... তারিখ ভিত্তিক

ক্রমিক নম্বর	গত ঘান্নাসিকে নিয়োগকৃত “এগি ক্রেডিট সুপারভাইজার (চুক্তিভিত্তিক)” এর সংখ্যা	এ যাবৎ নিয়োগকৃত মোট “এগি ক্রেডিট সুপারভাইজার (চুক্তিভিত্তিক)” এর সংখ্যা	যে শাখায় বহাল করা হয়েছে	মন্তব্য
১	২	৩	৪	৫

